

৩০। সেপ্টেম্বর, ২০০৫

চেয়ারম্যান/ম্যানেজিং ডাইরেক্টর  
সকল রাষ্ট্রীয়ত্ব ব্যাংক

মাননীয় মহাশয়,

এস.এম.ই অ্যাকাউন্টের জন্য চূড়ান্ত নিষ্পত্তির নির্দেশিকা

আমাদের সার্কুলার নং RPCD. PLNFS.BC. No. 31/06.02.31/2005-06 তারিখ ১৯শে অগস্ট, ২০০৫ এর ৮নম্বর অনুচ্ছেদ অনুযায়ী Rs.10 কোটির নিচে অলাভজনক সম্পত্তির জন্য চূড়ান্ত নিষ্পত্তির ব্যবস্থা, এখানে দেওয়া নির্দেশিকা অনুযায়ী সকল রাষ্ট্রীয়ত্ব ব্যাংকে গঠন করতে হবে। এই নির্দেশিকায় এস.এম.ই বিভাগে স্থায়ী অলাভজনক সম্পত্তির চূড়ান্ত নিষ্পত্তির জন্য একটি সরল, নির্দিষ্টও বৈষম্যহীন ব্যবস্থার উপায় বলা হল।

২। যে সব ক্ষেত্রে ইচ্ছাকৃতভাবে পাওনা মেটানো হচ্ছে না, অসাধু উপায় অবলম্বন করা হচ্ছে, বা তচরূপ করা হচ্ছে সে সব ক্ষেত্রে এই নির্দেশ কার্যকর হবে না। এই ক্ষেত্রগুলিকে ব্যাংক চিহ্নিত করে সমুচিত ব্যবস্থা করবে। এস.এম.ই বিভাগে স্থায়ী অলাভজনক সম্পত্তির চূড়ান্ত নিষ্পত্তির নির্দেশিকা নিচে দেওয়া হল:

(ক) Rs.10 কোটির নিচে অলাভজনক সম্পত্তির জন্য চূড়ান্ত নিষ্পত্তির নির্দেশিকা

(১) পরিধি

- অ) এই নির্দেশিকা, এস.এম.ই বিভাগে স্থায়ী অলাভজনক সম্পত্তি, যেগুলি Rs.10 কোটি বা তার নিচে এবং যেগুলি ৩১শে মার্চ, ২০০৪ এর মধ্যে অলাভজনক হয়ে গেছে সেগুলির জন্য প্রযোজ্য।
- আ) এই নির্দেশিকা সেই সব স্থায়ী অলাভজনক সম্পত্তি, যেগুলি ৩১শে মার্চ, ২০০৪ এর মধ্যে নিম্নমানের বলে ধরা হয়ে ছিল এবং পরে অলাভজনক হয়ে গেছে, এবং যেগুলির মোট পরিশীল্ষণ অক্ষ, যেদিন সেগুলিকে ডার্টফুল বলে ধরা হয়েছিল, Rs.10 কোটির নিচে ছিল।
- ই) সিকিউরিটাইসেশন অ্যান্ড রিকল্টার অ্যান্ড আর্কিবেচ অ্যান্ড রিকল্টার অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টেরেক্ট আইন, ২০০২ অনুযায়ী যে সব ক্ষেত্রে ব্যাংক ব্যবস্থা নিতে শুরু করেছে এবং আদালতে বা ডি.আর.টিতে বা বি.আই.এফ.আর এরকাছে যে সব মামলা চালু আছে, তাদের মধ্যে যে সব ক্ষেত্রে অনুমতির ডিক্রী নেওয়া হয়েছে সে সব ক্ষেত্রে এই নির্দেশিকা কার্যকর হবে।
- ঈ) যে সব ক্ষেত্রে ইচ্ছাকৃতভাবে পাওনা মেটানো হচ্ছে না, অসাধু উপায় অবলম্বন করা হচ্ছে, বা তচরূপ করা হচ্ছে সে সব ক্ষেত্রে এই নির্দেশ কার্যকর হবে না।

উ) খণ্ডহীতাদের কাছ থেকে আবেদন পাওয়ার শেষ তারিখ ৩১শে মার্চ, ২০০৬। এই নির্দেশিকা অনুযায়ী প্রক্রিয়াকরণ ৩০শে জুন, ২০০৬ এর মধ্যে শেষ করতে হবে।

## (২) নিষ্পত্তির রূপরেখা - রাশি

অ) অলাভজনক সম্পত্তি, যেগুলি ৩১শে মার্চ, ২০০৪ এর মধ্যে ডাউটফুল বা অলাভজনক বলে ধরা হয়েছিল

নতুন নির্দেশিকা অনুযায়ী, যে সব সম্পত্তি, যেগুলি ৩১শে মার্চ, ২০০৪ এর মধ্যে ডাউটফুল বা অলাভজনক বলে ধরা হয়েছিল সেগুলির ক্ষেত্রে, চূড়ান্ত নিষ্পত্তির জন্য ন্যূন্যতম প্রদেয় রাশি হবে অ্যাকাউন্টের পরিশেষ অক্ষের ১০০ শতাংশ।

আ) স্থায়ী অলাভজনক সম্পত্তি, যেগুলি ৩১শে মার্চ, ২০০৪ এর মধ্যে নিম্নমানের বলে ধরা হয়েছিল এবং পরে অলাভজনক হয়ে গেছে

উপরোক্ত সম্পত্তির ক্ষেত্রে চূড়ান্ত নিষ্পত্তির জন্য ন্যূন্যতম প্রদেয় রাশি হবে অ্যাকাউন্টের পরিশেষ অক্ষের ১০০ শতাংশ এবং চলতি প্রাইম লেন্ডিং রোট অনুযায়ী সুদ ও দিতে হবে, যতদিন না শেষ প্রদেয় দেওয়া হচ্ছে।

## (৩) পরিশোধ

উপরোক্ত দুটি ক্ষেত্রেই নিষ্পত্তির অর্থ এক বারে মিটিয়ে দেওয়া বাঞ্ছনীয়। যে সব ক্ষেত্রে টাকা একবারে মেটানো যাচ্ছে না, সে সব ক্ষেত্রে প্রথমে প্রদেয় টাকার ২৫% দিয়ে বাকি ৭৫% এক বছরের মধ্যে কিসিতে মেটাতে হবে এবং এর সাথে চলতি প্রাইম লেন্ডিং হার অনুসারে নিষ্পত্তির তারিখ থেকে শেষ টাকা মেটানোর দিন অবধি সুদ দিতে হবে।

## (৪) মঞ্চুরী কর্তৃপক্ষ

চূড়ান্ত নিষ্পত্তির সিদ্ধান্ত এবং খনের অক্ষের উপর ছাড় বা মকুব ইত্যাদির সিদ্ধান্ত নেবার ক্ষমতা এক যোগ্য কর্তৃপক্ষের কাছে থাকবে যাকে এই সম্পর্কিত অধিকার দেওয়া থাকবে।

## (৫) নির্দিষ্ট ব্যবহার

ব্যাংকগুলি এই নির্দেশিকার পরিধীর ভিতর পরে এমন সকল অলাভজনক সম্পত্তির ক্ষেত্রে চুরান্ত নিষ্পত্তির নীতি অবৈষম্যমূলক ভাবে মেনে চলবে। এই বিষয়ে একটি মাসিক রিপোর্ট দায়ী কর্তৃপক্ষ পরবর্তি উর্ধস্তন কর্তৃপক্ষকে এবং কেন্দ্রীয় অফিসকে দেবে। নির্দেশিকা অনুসারে যোগ্য খণ্ডহীতাদের ব্যাংক নোটিস দেবে ৩১ জানুয়ারি, ২০০৬ এর মধ্যে। এই নির্দেশিকাটিকে যথেষ্ট বিজ্ঞাপিত করতে হবে।

## (৬) বোর্ডের কাছে প্রতিবেদন দাখিল

ব্যাংকগুলি, বোর্ড অব ডাইরেক্টর্সের কাছে, স্থায়ী অলাভজনক সম্পত্তির চুড়ান্ত নিষ্পত্তির বিষয়ে কতটা অগ্রসর হয়েছে তার উপর একটি প্রতিবেদন প্রত্যেক তিন মাস অন্তর পাঠাবে। একটি কপি আমাদের কাছেও পাঠানো যেতে পারে।

৩। এই নির্দেশিকা আপনাদের বিভিন্ন শাখা এবং নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কাছে অবিলম্বে কার্যকর করার জন্য পাঠাতে হবে। ব্যাংকের ওয়েব সাইটেও এটি প্রদর্শিত হতে পারে।

৪। এই নির্দেশিকার বাইরে কোনো ব্যবস্থা করতে চাইলে তা বোর্ড অব ডাইরেক্টর্সরাই একমাত্র করতে পারবে।

৫। দয়া করে প্রাপ্তি স্বীকার করুন।

ইতি ভবদীয়

(জি. শ্রীনিবাসন)  
চিফ জেনারেল ম্যানেজার